প্রাক্তন চেয়ারম্যান ফারুক আহমদ স্মরণে ছাতক থানা বিএনপি শোক সভা

গত ২৪ জানুয়ারী মঙ্গলবার সন্ধ্যায় পূর্ব লন্ডনের ব্লুমুন অডিটরিয়ামে বাংলাদেশ জাতীয়তাবাদী দল সুনামগঞ্জ জেলার ছাতক থানা বিএনপি সভাপতি কালোরোকা ইউনিয়ন প্রাক্তন চেয়ারম্যান ফারুক আহমদ এর মৃত্যুতে লন্ডনে ছাতক প্রবাসী দলীয় নেতা কর্মীদের উদ্যেগে এক শোক সভা অনুষ্ঠিত হয়। মাওলানা জমসেদ আলীর সভাপতিত্বে ও তাজ উদ্দিনের পরিচালনায় উক্ত সভায় ছাতক প্রবাসীরা ছাড়াও যুক্তরাজ্য বিএনপির নেতৃবৃন্দ যোগদেন।

সভায় বক্তব্য রাখেন যুক্তরাজ্য বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি মিয়া মনিরুল আলম, সাধারণ সম্পাদক ব্যারিষ্টার এম এ সালাম, সহ সভাপতি মুজিবুর রহমান মুজিব, সায়েস্তা চৌধুরী কুদ্দুস, মুহিদুর রহমান, সাবেক সাধারণ সম্পাদক এম এ মালিক, যুবদলের সাবেক আহবায়ক দেওয়ান মুকাদ্দিম চৌধুরী নিয়াজ।

সভায় বক্তারা প্রাক্তন চেয়ারম্যান ফারুক আহমদ এর বর্ণিল রাজনৈতিক ও সামাজিক দিকগুলো নিয়ে আলোচনা করেন।

সভা শেষে দোয়া পরিচালনা করেন মৌলানা জমশেদ আলী। সভায় আরো বক্তব্য রাখেন আশরাফুল ইসলাম হিরা, মো: কাদির মিয়া, নানু মিয়া, কবির মিয়া, আব্দুল রুপ, সাব্বির আহমেদ ময়না, আতাউর রহমান, কাজি ইকবাল হোসেন, রাজন আলী সাঈদ, সুফি মিয়া মেল, হাসান আহমেদ, নাসিম আহমেদ, শামিম হোসেন, আব্দুল হক রাজ, জহির আহম্মেদ হিরা, শহিদুল ইসলাম মামুন, আব্দুল মালিক কুটি, আব্দুল কাইয়ুম, বাবুল আহমেদ, এম এ সালাম, রেদওয়ান আহমেদ রেজন, রহিম উদ্দিন, মোশাহিদ আলী, দুলাল আহমেদ, মুজিবুর রহমান, ইব্রাহিম মোল্লা, মুজিবুর রহমান মুজিব প্রমুখ।

যুক্তরাজ্য জাসাসে যোগদান

যুক্তরাজ্য শাখা বাংলাদেশ জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা জাসাস এর কার্যকরী কমিটির গতিশীল কার্যক্রম অবলোকন করে যুক্তরাজ্য জাসাসের প্রতি শ্রদ্ধাশীল হয়ে রাজনীতিতে নিজেদের কার্যক্রম প্রদর্শনের লক্ষ্যে আইনজীবী এডভোকেট মাহবুবুল আরম হক মিডিয়া ব্যক্তিত্ব আজাদ খান ও তারেক কাজল সহ টিটু সপন তার দল যুক্তরাজ্য জাসাসে যোগদান করেন। যুক্তরাজ্য জাসাসের সভাপতি এম এ সালাম তাদেরকে ফুল দিয়ে বরণ করেন।

তাদের যোগদানে যুক্তরাজ্য জাসাস আরো গতিশীল ও শক্তিশালী হবে বলে বিশ্বাস করেন। তাদেরকে শুভেচ্ছা জানান যুক্তরাজ্য জাসাসের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক তাসবির চৌধুরী শিমুল, যুগ্ম সাধারণ সম্পাদক আরিফ মাহফুজ, সাংগঠনিক সম্পাদক শামীম আহমদ, অ্যাস্টন জাসাসের সভাপতি সেলিম আহমদ, কামরুল ইসলাম, মাহবুবুল আলম, পারভেজ, আইন বিষয়ক সম্পাদক এস এ এম তানজীব প্রমুখ।

দিরাই-শাল্লা কালচারেল এন্ড ওয়েলফেয়ার এসোসিয়েশন ইউকের সাধারণ সভা অনুষ্ঠিত

গত ২২ জানুয়ারী পূর্ব লন্ডনে লাহোর গ্রীল রেষ্টুরেন্টে দিরাই শাল্লা কালচারেল এন্ড ওয়েলফেয়ার এসোসিয়েশন ইউকের সাধারণ সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন প্রফেসর অমর ফারুক ও পরিচালনা করেন এডভোকেট তাহির রায়হান চৌধুরী পাবেল। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংগঠনের উপদেষ্টা এম এ মনাফ, আমিরুল হক চৌধুরী, সহ সভাপতি সামছুল হক চৌধুরী, মোঃ হারুন মিয়া, মোঃ আজিজুল হক (আয়না মিয়া), মিছবা উদ্দিন চৌধুরী, মোঃ আব্দুল মজিদ, মোঃ আশিক মিয়া, মোঃ নজরুল মিয়া, মোঃ ফেরদৌস মিয়া, সহ সাধারণ শুশান্ত দাশ প্রশান্ত, এডভোকেট আবুল হাসনাত, ট্রেজারার সাহেদুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মোঃ খসরু মিয়া, সহ সাংগঠনিক অরিনদম চৌধুরী অপু, প্রচার সম্পাদক সোহেল আহমদ, ডাঃ সৈয়দ মাসুক অহামদ, আতিকুর রহমান রুবেল, আজিজুর রহমান লিটন, মোঃ বুলন মিয়া, মোঃ আব্দুল গফফার, সৈয়দ এ কে এম রফিক, কার্যনির্বাহী কমিটির অন্যতম সদস্য ফিরোজুল হক, মাসুক আহমদ সর্দার, মোঃ রুহুল আমিন, মোঃ হিরা মিয়া, ডাঃ ওয়াহিদুল নবী প্রমুখ। সভায় সর্বসম্মতিক্রমে আগামী ফেব্রুয়ারি মাসে সুনামগঞ্জ জেলার দিরাই-শাল্লা উপজেলায় গরীব দুঃখী এবং মেহনতি মানুষের মধ্যে এসোসিয়েশনের পক্ষ থেকে বস্ত্র বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এবং যুক্তরাজ্যে অবস্থানরত দিরাই-শাল্লা উপজেলার হৃদয়বান ব্যক্তিবর্গ যারা সভায় উপস্থিত ছিলেন না তাদেরকে উক্ত কার্যক্রমে শরিক হবার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়।

তারা আগামী ৫ ফেব্রুয়ারী মধ্যে সংগঠনের সভাপতি প্রফেসর অমর ফারুক, সাধারণ সম্পাদক এডভোকেট তহির রায়হান পাবেল, ট্রেজার শহিদুল ইসলাম নজরুলের সাথে যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়।

দি কালেক্টিভ অব বাংলাদেশী স্কুল গভরনরস এর অভিষেক অনুষ্ঠান রবিবার

আগামী ২৯শে জানুয়ারী রবিবার বিকাল ৫টায় বাংলাদেশের ৪০তম মহান বিজয় দিবস এবং দি কালেক্টিভ অব বাংলাদেশী স্কুল গভরনরস এর নতুন ব্যবস্থাপনা কমিটির অভিষেক অনুষ্ঠান কালেক্টিভের ইউনিট ৩ সি ৬৩/৬৫ প্রিন্সলেট ষ্ট্রি ঈ-১ ৫এলপিতে অনুষ্ঠিত হইবে। এতে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। আপনাদের সহযোগিতায়ই কালেক্টিভের সুদুরপ্রসারী সুফল বয়ে আনবে।

দেশী হোপ-এর বার্ষিক সদস্য সভা ২০১১ অনুষ্ঠিত

বখ্তিয়ার পাড়া আনোয়ারা চট্টগ্রাম প্রবাসীর লন্ডন ভিত্তিক বেসরকারী চ্যারিটি সংস্থা দেশী হোপ এর বার্ষিক সদস্য ও পর্যালোচনা সভা ২০১১ ও সাংস্কৃতিক অনুষ্ঠান গত ২৫ ডিসেম্বর লন্ডন গ্রিন ষ্ট্রিটস্থ ইউচুপ হাউসে অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য দেশী হোপ সম্পূর্ণ প্রবাসীর আর্থিক সাহায্যে গ্রামের দুঃস্থ, অসহায়, গরীব লোকদের মাঝে খাদ্য, বস্ত্র, শিক্ষা, চিকিৎসা ও নানাবিধ সামাজিক উন্নয়নমূলক কর্মকান্ড করে সেবা প্রদান করে আসছে।

বিস্তারিত জানতে ও সাহায্য করতে ভিজিট করুন- ডব্লিউডব্লিউডব্লিউ.দেশীহোপ.অরগ.ইউকে।

FBM
FORTUNE BUSINESS MANAGEMENT
Honesty Brings Success
ARE YOU STUDENT ?
WORRIED ABOUT YOUR ADMISSION
ANY SOLUTION FOR STUDENT VISA
WE ASSIST STUDENTS FOR ADMISSION
INTO UNIVERSITY, HIGHLY TRUSTED
A-RATED/ PUBLIC FOUNDED COLLEGE.
WE HAVE AUTHORISED SOLICITOR
117 Whitechapel Road (Opposite East London Mosque) 3rd Floor
0774 262 2345 / 0786 189 5008 / 0203 602 2616
www.fortunebm.com Email:info@fortunebm.com

নতুন বছরে নয়া উদ্যমে কাজ শুরু করেছে টাওয়ার হ্যামলেটস ইয়ূথ কাউন্সিল

টাওয়ার হ্যামলেটসস্থ কাউন্সিলের টাউন হলে অনুষ্ঠিত ইয়থ কাউন্সিলের মিটিংয়ের দৃশ্য।

ক্রিসমাসের ছুটির আনন্দ উপভোগের পর টাওয়ার হ্যামলেটসের ইয়ূথ কাউন্সিল নতুন বছরে নতুন উদ্যমে কাজ শুরু করেছে।

গত সপ্তাহে ৩০ জন কিশোর-তরুণ বয়সী নতুন বছরের কার্যক্রম সম্পর্কিত নানা আইডিয়া নিয়ে আলোচনা করে। তারা বারার তরুণদের জন্য ইয়ূথ সার্ভিসের মান কিভাবে আরো বাড়ানো যায় এবং এসব কর্মসূচিতে কিভাবে তরুণদের অংশগ্রহণ নিশ্চিত করা যায়, তা নিয়ে কেবিনেট মে"ার ফর চিলড্রেন্স সার্ভিসেস, কাউন্সিলর অলিউর রহমানের সাথে সরাসরি কথা বলেন।

কাউন্সিল চেম্বারে অনুষ্ঠিত এই সেশনের প্রশ্ন-উত্তর পর্বে তরুণদের কর্মসংস্থান, ইয়ূথ সার্ভিসের জন্য অধিক তহবিল ও তরুণদের সম্পর্কে উপলব্ধি সম্পর্কে কাউন্সিলর অলিউর রহমানের কাছে জানতে চান তরুণরা।

ইয়ূথ কাউন্সিলের চেয়ারপার্সন, মুনাদিয়া আফতাব বলেন, আমাদের প্রশ্নের উত্তর দিতে কাউন্সিলর রহমানের এতে যোগদানে আমরা আনন্দিত। আমাদের মিটিংয়ে কেবিনেট মে"ার এবং ইয়াং মেয়র উপস্থিতিতে এটাই প্রমাণিত হলো যে, কাউন্সিল ইয়াংদের বক্তব্য শুনছে এবং প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে।

ইয়াং মেয়র অব টাওয়ার হ্যামলেটসস্থ, নাহিমুল ইসলাম ইয়ূথ কাউন্সিলের সদস্যদের সাথে বিভিন্ন বিষয় নিয়ে খোলামেলা কথা বলেন। স্থানীয় তরুণ প্রজন্মের প্রতিনিধি হিসেবে তিনি তাঁর অভিজ্ঞতার কথা তুলে ধরেন এবং আগামী বছর নতুন ইয়াং মেয়র নির্বাচিত হতে হলে কিভাবে প্রস্তুতি নিতে হবে, সেসম্পর্কে পরামর্শ দেন।

এই বারা অধ্যয়নরত ও বসবাসরত কিশোর-তরুণ বয়সীদের নিয়ে গঠন করা হয়েছে ইয়ূথ কাউন্সিল।

তাদের পরিকল্পনা হচ্ছেছ ইয়াং মেয়র টীমের সাথে মিলে বারার সেকেন্ডারি স্কুলগুলোতে কাউন্সিলারদের মতো সার্জারি পরিচালনা করা। এতে করে কিশোর-তরুণরা স্থানীয় বিভিন্ন ইস্যূ যেগুলো সম্পর্কে তাদের উদ্বেগ রয়েছে, তা তুলে ধরার একটি প্লাটফর্ম পাবে। তাদের আরেকটি পরিকল্পনা হচ্ছেছ তরুণদের সম্পর্কে মিডিয়ায় যে নেতিবাচক চিত্র তুলে ধরা হয় তার বিপরীতে তিনটি সেকেন্ডারি স্কুলে সাথে মিলে একটি ফিল্ম প্রজেক্ট পরিচালনা করা।

ইয়ূথ কাউন্সিলের পরবর্তী মিটিং অনুষ্ঠিত হবে আগামী ২২ ফেব্রুয়ারি এবং তাতে বারায় অধ্যয়নরত যে কেউ অংশ নিতে পারবে। এতে অংশ নিতে আগ্রহীদের ০২০ ৭৩৬৪ ৪৮৩৯ নাম্বারে ফোন করে লী ওসকোম্বর সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হয়েছে।